গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০২৮.১২- ১৮৫০/২৪

তারিখ : ২১-১১-২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে যে সকল শিক্ষার্থী দেশের সরকারি/বেসরকারি স্কুল, কলেজ, সাধারণ বিশ্ববিদ্যালয়, মেডিকেল/ইঞ্জিনিয়ারিং কলেজে নিয়মিত অধ্যয়নরত সে সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির অর্থ স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে MIS Software-এ বৃত্তি সংক্রান্ত তথ্যাদি এন্ট্রিকরণ ও সংশোধনের প্রয়োজনীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের MIS Software-এ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের এন্ট্রিকৃত তথ্যে বিভিন্ন অসঙ্গতি পাওয়া যাচ্ছে মর্মে অর্থ মন্ত্রণালয়ের SPFMS কর্মসূচির মাধ্যমে জানানো হয়েছে। সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মাদ্রাসা বোর্ডের বৃত্তিপ্রাপ্ত অনেক শিক্ষার্থীর তথ্য মাউশি অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উভয় MIS Software-এ এন্ট্রি করা হয়েছে। উভয় অধিদপ্তরের MIS Software-এ এন্ট্রিকৃত মাদ্রাসা শিক্ষা বোর্ডের বৃত্তিপ্রাপ্ত অনেক শিক্ষার্থীর বৃত্তির অর্থ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, মাউশি কর্তৃক জারিকৃত ০৪/০৭/২০২৩ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক (কপি সংযুক্ত) শিক্ষার্থীদের বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত তথ্য মাউশি'র Software-এ যথাযথভাবে এন্ট্রি প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত বকেয়াসহ বৃত্তির তথ্য আগামী ২০/১১/২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের SPFMS কর্মসূচির MIS Software-এ ০৪/০৭/২০২৩ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে অনুসরণপূর্বক এন্ট্রি/সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত যেসকল শিক্ষার্থীদের বৃত্তির অর্থ মাদ্রাসা অধিদপ্তর থেকে তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে সে সকল শিক্ষার্থীদের বৃত্তির অর্থ মাউশি অধিদপ্তর থেকে পুনরায় প্রেরণ করা হবে না। এক্ষেত্রে, সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে যাচাই-বাছাইপূর্বক বর্ণিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/সংশোধন করতে হবে। উভয় অধিদপ্তরের MIS Software-এ এন্ট্রিকৃত শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বৃত্তির অর্থ প্রেরণ/প্রাপ্তি সংক্রান্ত উদ্ভুত যে কোন ধরণের সমস্যার জন্য প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে দায়-দায়িত্ব বহন করতে হবে।

**তথ্য পুরণ/সংশোধন এর জন্য DSHE Scholarship MIS এর URL (লিংক) : scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

12.11.23
(কামরুন নাহার)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৮. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১২. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৫. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৬. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৭. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে যে সকল শিক্ষার্থী দেশের সরকারি/বেসরকারি স্কুল, কলেজ, সাধারণ বিশ্ববিদ্যালয়, মেডিকেল/ইঞ্জিনিয়ারিং কলেজে নিয়মিত অধ্যয়নরত সে সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির অর্থ স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে MIS Software-এ বৃত্তি সংক্রান্ত তথ্যাদি এন্ট্রিকরণ ও সংশোধনের প্রয়োজনীয় নির্দেশনা]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ]
১৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২২. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২৩. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২৪. সংরক্ষণ নথি।

C:\Users\DD(AQAU)\Desktop\Desktop 01-03-22\সাইফুল ভাই\Cercular.2020-21(july-june)\cercular-22-23\সাধারণ বিজ্ঞপ্তির পত্র জারি.ফাইনাল ২২৭doc.doc